যুগান্তর

তারিখ 30 JAN 2008

# চার দশকেও রাজশাহীতে নতুন সরকারি স্কুল স্থাপিত হয়নি

রাজশাহী ব্যুরো

শিক্ষানগরী হিসেবে খ্যাত রাজশাহীতে চার দশকেও নতুনভাবে স্থাপিত হয়নি কোন সরকারি স্কুল। শিক্ষার্থীর তুলনায় আসনসংখ্যা সীমিত হওয়ার কারণে ভর্তিযুদ্ধে প্রতিবছর অনেক মেধাবী ছাত্র সরকারি স্কুল তথা ভালো স্কুলে ভর্তি থেকে বঞ্চিত হচ্ছে। এ নিয়ে উদ্বিগ্ন অভিভাবকেরাও। বিভিন্ন সময়ে নগরীতে আরও কয়েকটি স্কুল স্থাপনের দাবি উত্থাপিত হলেও তা কার্যত প্রতিশ্রুতির মধ্যেই থেকে গেছে।

রাজশাহী মহানগরীতে অধিক সংখ্যক ভালো শিক্ষা প্রতিষ্ঠান গড়ে না ওঠার কারণে এ বছর সরকারি ৬টি শিক্ষা প্রতিষ্ঠানের ৮৫০টি আসনের বিপরীতে লড়াই করেছে ৬ হাজার শিক্ষার্থী। রাজশাহী মহানগরীতে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ভর্তি প্রক্রিয়া শুরু হয় বছরের শেষ সময়ে। শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা কম হওয়ায় ভর্তি শুরুর মাস খানেক আগে থেকেই অভিভাবকদের মধ্যে আরম্ভ হয় টেনশন। ছেলেমেয়েকে ভর্তির জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকসহ ক্ষমতাসীনদের কাছে শুরু করেন তদবির। তবে পরীক্ষা ও ফল প্রদান পদ্ধতি পরিবর্তন হওয়ায় তদবির অনেকটাই কমে গেছে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, রাজশাহী মহানগরীতে বর্তমানে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ৬টি। এর মধ্যে ৪টি ছেলেদের ও ২টি মেয়েদের। এ ছাড়াও মানসম্পন্ন আধা-সরকারি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে ৫টি। সরকারি বিদ্যালয়গুলো হচ্ছে— রাজশাহী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় হেলেনাবাদ, গভ. ল্যাবরেটরি হাই স্কুল, রাজশাহী সরকারি হাই মাদ্রাসা, রাজশাহী কলেজিয়েট স্কুল, সরকারি পিএন উচ্চ বালিকা বিদ্যালয় ও সরকারি শিরোইল উচ্চ বিদ্যালয়। আধা-সরকারিগুলোর মধ্যে রয়েছে— পুলিশ লাইন স্কুল, মসজিদ মিশন একাডেমি, মিশন উচ্চ বালিকা বিদ্যালয়, লোকনাথ হাই স্কুল, রাজশাহী উচ্চ মাধ্যমিক মডেল বিদ্যালয়। এ সব স্কুলগুলোর মধ্যে ১৮৩৬ সালে প্রতিষ্ঠিত হয় রাজশাহী কলেজিয়েট স্কুল। আর ২০০৫ সালে স্থাপন করা হয় রাজশাহী উচ্চ মাধ্যমিক মডেল স্কুল এন্ড কলেজ। সরকারি পর্যায়ে সর্বশেষ সরকারি স্কুল প্রতিষ্ঠিত হয় পাকিস্তান আমলে ১৯৬৯ সালে গভ. ল্যাবরেটরি হাই স্কুল। এ ছাড়াও পুরো মহানগরীতে ৪৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ৫২টি বেসরকারি হাই স্কুল রয়েছে।